

## সমকাল

বর্ষ ৫ সংখ্যা ২৭

মঙ্গলবার ৬ অক্টোবর ২০০৯

২১ আশ্বিন ১৪১৬

shaily@samakal.com.bd



ইউজিসি পদকপ্রাপ্ত গবেষকদের সঙ্গে প্রধানমন্ত্রীর শিক্ষা বিষয়ক উপদেষ্টা ড. আলাউদ্দিন আহমেদ, ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক নজরুল ইসলাম, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. আলমগীর মোঃ সিরাজুদ্দিনসহ অন্যান্য

## ইউজিসি পদক পেলেন ১৯ গবেষক গবেষণার নামে কোটি কোটি টাকা লুটে নেওয়া হয়েছে : আলাউদ্দিন

### সমকাল প্রতিবেদক

প্রধানমন্ত্রীর শিক্ষা, সামাজিক উন্নয়ন ও রাজনৈতিক উপদেষ্টা অধ্যাপক ড. আলাউদ্দিন আহমেদ বলেছেন, বিগত সরকারের আমলে বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় থেকে গবেষণার নামে কোটি কোটি টাকা বিতরণ করা হয়েছে। এর সবই লুটেপুটে নেওয়া হয়েছে। এ সংক্রান্ত সব তথ্যপ্রমাণ বর্তমান সরকারের হাতে এসেছে। গতকাল সোমবার 'বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন' (ইউজিসি) মিলনায়তনে ইউজিসি পদক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতাকালে তিনি একথা বলেন। এ অনুষ্ঠানের মাধ্যমে ২০০৬ ও ২০০৭ সালে গবেষণার জন্য সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ে কর্মরত ১৯ জন শিক্ষককে পদক দেওয়া হয়।

উপদেষ্টা আলাউদ্দিন আহমেদ বলেন, 'এসব লুটপাটের বিরুদ্ধে ঠিক কতদিনে আকশন নেওয়া যাবে তা এখনই বলতে পারছি না। তবে ভবিষ্যতে এই খাতের টাকা নিয়ে কাউকে ছিনিমিনি খেলতে দেওয়া হবে না।' বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের উদ্দেশ্যে তিনি বলেন, 'আপনারা আপনারদের গবেষণার ক্ষেত্রকে সম্প্রসারিত করুন। এজন্য প্রয়োজনীয় অর্থ ও রসদ সরকার সরবরাহ করবে। প্রধানমন্ত্রী ঘোষিত ডিজিটাল বাংলাদেশ যদি গড়তে না পারে তবে আমাদের এ দায়িত্ব পালন অর্থহীন হয়ে পড়বে।' বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন শিগগিরই মন্ত্রিসভার বৈঠকে উঠবে উল্লেখ করে তিনি বলেন, 'এটি চূড়ান্তপ্রায়। তবে তার আগে বেসরকারি বিশ্ববিদ্যালয় পরিচালনাকারীদের সঙ্গে আলোচনা করে নেওয়া হবে।'

ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক নজরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ও ইউজিসি প্রফেসর অধ্যাপক ড. আলমগীর মোঃ সিরাজুদ্দিন। স্বাগত ভাষণ দেন ইউজিসি সদস্য অধ্যাপক ড. আতফুল হাই শিবলী। উপস্থিত ছিলেন ইউজিসির পরিচালক (গবেষণা ও প্রকাশনা) ড. লুৎফে আলম। পদকপ্রাপ্তদের মধ্যে বক্তৃতা করেন ড. লায়লা নূর ইসলাম, ড. গৌর গোবিন্দ গোস্বামী, ড. এস এম ইমামুল হক ও ড. শরীফ উদ্দিন আহমেদ।

২০০৬ সালের জন্য পদকপ্রাপ্তরা হলেন- ঢাকা বিশ্ববিদ্যালয়ের ড. রেদওয়ানুল হক, ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মোঃ মোস্তফা কামাল, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অণুজীব বিজ্ঞান বিভাগের ড. এম মঞ্জুরুল করিম, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ড. সৈয়দ বদিউজ্জামান ফারুক, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ড. এস এম এ মজিদ, ইস্ট-ওয়েস্ট ইউনিভার্সিটির ড. আনিসুল হক, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ডা. মোঃ আবদুস শাকুর, নর্থ-সাউথ ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের ড. গৌর গোবিন্দ গোস্বামী।

২০০৭ সালের জন্য পদক পেয়েছেন- রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মোঃ জাহাঙ্গির হোসেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. শরীফ উদ্দিন আহমেদ, মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. এম নূরুল ইসলাম, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের মফিজ উদ্দিন আহমেদ, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের (স্যোপে ল্যাবরেটরি) চেয়ারম্যান ড. এসএম ইমামুল হক, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ড. মোঃ আবু হান্না নূর আলী খান, বুয়েটের অধ্যাপক ড. মোঃ আমিনুল ইসলাম, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ড. মুরারী মোহন রায়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ড. লায়লা এন ইসলাম এবং প্রফেসর ড. কে এ এস রক্বানী।